

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
রাজস্ব শাখা

বিষয়: নভেম্বর ২০২২ মাসের বিভাগীয় রাজস্ব সভার কার্যবিবরণী।

সভাপতি	ড. মুহাম্মদ মোশাররফ হোসেন বিভাগীয় কমিশনার, সিলেট
সভার তারিখ	: ১৭ অক্টোবর ২০২২
সভার সময়	: বিকাল ৩.০০ টা
স্থান	: বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর সম্মেলন কক্ষ
উপস্থিতি	: পরিশিষ্ট 'ক'

সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), সিলেট আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। অক্টোবর ২০২২ মাসে অনুষ্ঠিত বিভাগীয় রাজস্ব সভার কার্যবিবরণী ই-নথি ও ই-মেইলের মাধ্যমে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২. সভার আলোচ্যসূচি মোতাবেক বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

বিষয়				সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১. ১৯ সেপ্টেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় রাজস্ব সভার গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি নিম্নরূপ:				১.১. অক্টোবর/২০২২ মাসের সভায় গৃহীত ৬০টি সিদ্ধান্তের মধ্যে ৫৫টি সিদ্ধান্ত বাস্তবায়ন হয়েছে বাকী ৫টি সিদ্ধান্ত বাস্তবায়নের কাজ চলমান আছে।	১-৪ জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/ হবিগঞ্জ/মৌলভীবাজার
সভার তারিখ	গৃহীত সিদ্ধান্তের সংখ্যা	সিদ্ধান্ত বাস্তবায়নের সংখ্যা	সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির হার	১.১.১ ভূমি উন্নয়ন করের সাধারণ দাবি ১০০% আদায়ের নিমিত্ত বছরের শুরু থেকেই টার্গেট নির্ধারণ করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	
১৭ অক্টোবর ২০২২	৬০	৫৫	৯১.৬৭%	১.১.২ অনলাইন ভূমি উন্নয়ন কর আদায়ের কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।	
১.১ ভূমি উন্নয়ন করের দাবি ও আদায়				১.১.৩ ২০২২-২৩ অর্থবছরের অবশিষ্ট মাসসমূহে প্রতিমাসে মোট দাবির ১০% আদায় করে মে/২৩ মাসে মোট দাবির ১০০% আদায় নিশ্চিত করতে হবে।	
				১.১.৪ ২০২২-২৩ অর্থবছরের সংস্থার ভূমি উন্নয়ন করের দাবি উল্লেখ করে সংশ্লিষ্ট সংস্থার প্রধান বরাবর পত্র দিয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং এ কার্যালয়ে অনুলিপি প্রেরণ করতে হবে।	
				১.১.৫ চা-বাগানের ভূমি উন্নয়ন কর আদায়ের জন্য বিধি মোতাবেক পদক্ষেপ গ্রহণ করতে হবে।	
২. খাস জমি বন্দোবস্ত				২.১. আশ্রয়ণ প্রকল্পের মাধ্যমে খাসজমি বন্দোবস্ত প্রদানের ব্যবস্থা নিতে হবে।	১-৪ জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/হবিগঞ্জ/ মৌলভীবাজার

<p>৩. ভূমি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন ধরনের ভূমি ব্যবস্থাপনা পরিবীক্ষণ</p> <p>৩.১ সরকারি খাস জমি পুনরুদ্ধার</p> <p>৩.২ হাট-বাজার পেরিফেরিকরণ</p> <p>৩.৩ হাট-বাজারসমূহে চান্দিনা ভিটি আধা শতক করে একসনা লিজ প্রদান সংক্রান্ত তথ্য</p>	<p>৩.১.১ অবৈধ দখলে থাকা খাস জমি পুনরুদ্ধার কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p> <p>৩.২.১ প্রতি মাসে পেরিফেরি করা হয়নি এমন হাট-বাজার পেরিফেরিকরণের প্রস্তাব প্রেরণ করতে হবে।</p> <p>৩.৩.১ হাট-বাজারসমূহে অবস্থিত চান্দিনা ভিটি আধা শতক করে একসনা লিজ প্রদানসহ নবায়নের কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p> <p>৩.৩.২ হাট-বাজারসমূহে অবৈধভাবে নির্মিত সকল স্থাপনা বিধি মোতাবেক অপসারণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p>	<p>১-৪ জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার</p>
<p>৪. সায়রাত মহাল</p>	<p>৪.১ জলমহাল ইজারা প্রদানের ক্ষেত্রে জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>৪.২ ইজারাবিহীন জলমহালগুলোর বিষয়ে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ৫(৪)(খ) অনুযায়ী জলমহালের সরকারি মূল্য নির্ধারণ করে ইজারা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>৪.৩ অ-ইজারাকৃত সকল বালুমহাল সঠিকভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে। কেউ যাতে অবৈধভাবে বালু উত্তোলন করতে না পারে সে বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p>	<p>১-৪ জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার</p> <p>৫-৮ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার</p>
<p>৫. খাস জমি ও অন্যান্য জমি সংক্রান্ত মামলা</p> <p>৫.১ দেওয়ানী মামলা (মূল)</p> <p>৫.২ দেওয়ানী মামলা (আপিল)</p>	<p>৫.১ এস.এফ যথাযথভাবে প্রস্তুত করে সঠিক সময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।</p> <p>৫.২ সরকারের বিপক্ষে রায় হলে রায়ের বিপক্ষে আপীল দ্রুত করতে হবে।</p>	<p>১-৪ জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার</p> <p>৫-৮ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার</p>
<p>৬. অর্পিত সম্পত্তি সংক্রান্ত তথ্য</p>	<p>৬.১ লীজকৃত অর্পিত সম্পত্তির বকেয়া ও হাল সনের দাবি আদায়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p> <p>৬.২ জেলা প্রশাসক ও অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)গণকে পরিদর্শনের সময় নবায়ন কেস পর্যালোচনা করে আদায় বৃদ্ধির কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p>	<p>১-৪ জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার</p>
<p>৭. সার্টিফিকেট মামলা সংক্রান্ত</p> <p>৭.১ রেন্ট সার্টিফিকেট</p> <p>৭.২ সাধারণ সার্টিফিকেট</p>	<p>৭.১.১ প্রত্যেক জেলার রেন্ট সার্টিফিকেট মামলার সংখ্যা যাচাই করে সঠিক তথ্য প্রেরণ করতে হবে এবং ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে রাজস্ব আদায়পূর্বক মামলা নিষ্পত্তি করতে হবে।</p> <p>৭.১.২ জেলা রাজস্ব সম্মেলনে আলোচনা করে মামলা নিষ্পত্তির বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p> <p>৭.২.১ সপ্তাহের একটি নির্দিষ্ট বার ও সময়ে সার্টিফিকেট মামলার শুনানী গ্রহণের মাধ্যমে নিষ্পত্তির হার বাড়াতে হবে।</p>	<p>১-৪ জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার</p>
<p>৮. অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) আদালত / অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) আদালতের মামলা নিষ্পত্তি সংক্রান্ত</p>	<p>৮.১ অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব)/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)গণকে নিয়মিতভাবে আদালতের কার্যক্রম পরিচালনা করে মামলা নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে।</p> <p>৮.২ পুরাতন মামলাসমূহ ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে দ্রুত নিষ্পত্তি করতে হবে।</p>	<p>১ অতিরিক্ত বিভাগীয় কমিশনার(রাজস্ব), সিলেট বিভাগ, সিলেট।</p> <p>২-৫ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার</p>

<p>৯. নামজারী ও জমাভাগ</p>	<p>৯.১ সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে ই-নামজারি মোকদ্দমা নিষ্পত্তির কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৯.২ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)গণ-কে ই-নামজারির বিষয়টি নিয়মিতভাবে তদারকি করতে হবে এবং মামলা নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৯.৩ উপজেলা ভিত্তিক ই-নামজারি সম্পাদনের ক্ষেত্রে সমস্যা চিহ্নিত করে সমাধানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p>	<p>১-৪ জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/ হবিগঞ্জ/মৌলভীবাজার ৫-৮ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সিলেট/সুনামগঞ্জ/ হবিগঞ্জ/মৌলভীবাজার</p>
<p>১০. আশ্রয়ণ প্রকল্প ১০.১ আশ্রয়ণ-২ প্রকল্প; ১০.২ মুজিব শতবর্ষ উপলক্ষে আশ্রয়ণ-২ প্রকল্পের অধীনে 'ক' শ্রেণির চলমান ১ম ও ২য় পর্যায়ের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি ১০.৩ মুজিব শতবর্ষ উপলক্ষে আশ্রয়ণ-২ প্রকল্পের ৩য় পর্যায়ের নির্মিতব্য গৃহসমূহের কার্যক্রম বাস্তবায়ন ১০.৪ ২০২২-২৩ অর্থবছরে ৪র্থ পর্যায়ে অবশিষ্ট ভূমিহীন-গৃহহীন ('ক' শ্রেণি) পরিবার পূর্ববাসনের জন্য চাহিদা ১০.৫ মুজিব শতবর্ষ উপলক্ষে আশ্রয়ণ-২ প্রকল্পের অধীনে ব্যক্তি/সংস্থার উদ্যোগে প্রতিশ্রুত ঘরের নির্মাণকাজের অগ্রগতি</p>	<p>১০.১.১ আশ্রয়ণ প্রকল্পসমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে। পরিদর্শনে উপকারভোগী পাওয়া না গেলে বিধি মোতাবেক ব্যবস্থা নিতে হবে। ১০.২.১ মুজিব শতবর্ষ উপলক্ষে আশ্রয়ণ-২ প্রকল্পের অধীনে 'ক' শ্রেণির চলমান গৃহনির্মাণ কাজের অগ্রগতির তথ্য ছক মোতাবেক নিয়মিতভাবে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। ১০.৩.১ আশ্রয়ণ-২ প্রকল্পের ৩য় পর্যায়ের গৃহনির্মাণ কাজ দ্রুত সমাপ্ত করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ১০.৪.১ আশ্রয়ণ-২ প্রকল্পের ৪র্থ পর্যায়ে অবশিষ্ট ভূমিহীন-গৃহহীন ('ক' শ্রেণি) পরিবার পূর্ববাসনের জন্য চাহিদা প্রেরণ করতে হবে এবং সে মোতাবেক কার্যক্রম সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ করতে হবে। ১০.৫.১ মুজিব শতবর্ষ উপলক্ষে আশ্রয়ণ-২ প্রকল্পের অধীনে ব্যক্তি/সংস্থার উদ্যোগে প্রতিশ্রুত ঘরের নির্মাণকাজ সম্পন্ন করতে হবে।</p>	<p>১-৪ জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/ হবিগঞ্জ/মৌলভীবাজার</p>
<p>১১. অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), জেলা প্রশাসক এবং অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কর্তৃক ভূমি অফিসসমূহ পরিদর্শন ও দর্শন এর বিবরণ</p>	<p>১১.১ দর্শন ও পরিদর্শনের প্রমাপ অর্জন করতে হবে। ১১.২ দর্শন ও পরিদর্শন প্রতিবেদন আবশ্যিকভাবে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।</p>	<p>১ অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), সিলেট। ২-৫ জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/ হবিগঞ্জ/মৌলভীবাজার</p>
<p>১২. ভূমি অধিগ্রহণ সংক্রান্ত কার্যক্রম</p>	<p>১২.১ ক্ষতিপূরণের চেক মাঠে গিয়ে বিতরণ করতে হবে। ১২.২ জেলা প্রশাসকগণ কর্তৃক জেলা রাজস্ব সম্মেলনে আলোচনা করে ক্ষতিপূরণের জন্য প্রাপ্ত আবেদন দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	<p>১-৪ জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/ হবিগঞ্জ/মৌলভীবাজার</p>
<p>১৩. জরিপ বিভাগ</p>	<p>১৩.১ খাস জমি যাতে কোন ব্যক্তি বা সংস্থার নামে রেকর্ড না হয় সে বিষয়টি নিশ্চিত করতে হবে। ১৩.২ চূড়ান্তভাবে প্রকাশিত ভলিউমের হস্তান্তর সংক্রান্ত তথ্যাদি প্রেরণ করতে হবে।</p>	<p>১-৪ জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/ হবিগঞ্জ/মৌলভীবাজার ৫ জোনাল সেটেলমেন্ট অফিসার, সিলেট।</p>
<p>১৪. উপজেলা/ইউনিয়ন ভূমি অফিসের অডিট আপত্তি সংক্রান্ত</p>	<p>১৪.১ অডিট আপত্তি নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ১৪.২ হবিগঞ্জ জেলার পুরাতন অডিট আপত্তি আছে কি-না, সে বিষয়টি যাঁচাই করে দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ১৪.৩ সহকারী হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়ের অডিট আপত্তির সাথে জেলা প্রশাসকের কার্যালয়ের অডিট আপত্তির সংখ্যা যাচাই করে প্রতিবেদন প্রেরণ করতে হবে।</p>	<p>১-৪ জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/ হবিগঞ্জ/মৌলভীবাজার ৫ সহকারী হিসাব নিয়ন্ত্রক(রাজস্ব), সিলেট বিভাগ</p>

<p>১৫. শিক্ষা বিভাগের কার্যক্রম</p>	<p>১৫.১ আশ্রয়ণ প্রকল্প পরিদর্শনের সঠিক তথ্য নিয়মিতভাবে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। ১৫.২ অ-ভর্তিকৃত শিশুর বিষয়ে পরিদর্শন প্রতিবেদনে উল্লেখ করতে হবে। ১৫.৩ আশ্রয়ণ প্রকল্পের শিক্ষার্থীদের বিশেষ যত্নসহকারে পাঠদান করতে হবে। ১৫.৪ আশ্রয়ণ ও আবাসনের শিক্ষার্থীদের সঠিক তথ্য ছক মোতাবেক নিয়মিতভাবে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।</p>	<p>১-৪ জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার ৫ উপ পরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগ।</p>
<p>১৬. বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট এর কার্যক্রম</p>	<p>১৬.১ মুজিববর্ষে আশ্রয়ণ ২ প্রকল্পে বসবাসরত পরিবারসমূহের জীবনমান উন্নয়নের জন্য সমাজসেবা কার্যালয়ের প্রশিক্ষণ কার্যক্রম আরম্ভ করতে হবে। ১৬.২ আশ্রয়ণ প্রকল্পে বসবাসকারী প্রত্যেক পরিবারকে (নুতন বরাদ্দ প্রাপ্ত পরিবারসহ) প্রশিক্ষণের আওতায় নিয়ে আসতে হবে। ১৬.৩ প্রশিক্ষণপ্রাপ্ত পরিবারগুলোর মধ্যে আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p>	<p>১ পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট।</p>
<p>১৭. সমবায় বিভাগের কার্যক্রম</p>	<p>১৭.১ আশ্রয়ণ প্রকল্পসমূহে বসবাসরত পরিবারসমূহের জীবনমান উন্নয়নের জন্য সমবায় কার্যালয়ের প্রশিক্ষণ কার্যক্রম আরম্ভ করতে হবে। ১৭.২ আশ্রয়ণ প্রকল্পে বসবাসকারী প্রত্যেক পরিবারকে (নুতন বরাদ্দ প্রাপ্ত পরিবারসহ) প্রশিক্ষণের আওতায় নিয়ে আসতে হবে। ১৭.৩ ঋণের টাকার সঠিক ব্যবহার হয কিনা সে বিষয়টি তদারকি করতে হবে। ১৭.৪ মুজিববর্ষে আশ্রয়ণ ২ প্রকল্পে পুনর্বাসিত পরিবারগুলোকে নিয়ে সমবায় সমিতি গঠনের ব্যবস্থা করত সমবায়ের পূর্ণাঙ্গ কার্যক্রমের আওতায় নিয়ে আসতে হবে। ১৭.৫ সংশ্লিষ্ট সকলকে আশ্রয়ণ প্রকল্প নিয়মিত পরিদর্শন করে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রতিবেদন প্রেরণ করতে হবে।</p>	<p>১-৪ জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার ৫ যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, সিলেট বিভাগ, সিলেট।</p>
<p>১৮. পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম</p>	<p>১৮.১ জেলা প্রশাসকগণ জেলা কমিটির সভায় পদ্ধতি গ্রহণের বিষয়ে তদারকি বাড়াতে হবে। ১৮.২ স্থায়ী ও অস্থায়ী ব্যবস্থা গ্রহণ করে না এমন দম্পতিদের মোটিভেশনের মাধ্যমে জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণের আওতায় আনতে হবে। ১৮.৩ নবনির্মিত সকল আশ্রয়ণ প্রকল্পসমূহে বসবাসরত পরিবারসমূহের জীবনমান উন্নয়নে সার্বিক স্বাস্থ্য সেবা কার্যক্রম গ্রহণ করতে হবে।</p>	<p>১-৪ জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার ৫ পরিচালক, পরিবার পরিকল্পনা, সিলেট বিভাগ।</p>
<p>১৯. অটোমেশন</p>	<p>১৯.১ অনলাইন ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যারে হোল্ডিং এন্ট্রির কাজ অব্যাহত রাখতে হবে। ১৯.২ এন্ট্রি হয়নি এমন সায়রাত মহাল (চা বাগান, জমি অধিগ্রহণের তথ্যসহ) এর তথ্যাদি এন্ট্রির ব্যবস্থা গ্রহণ করতে হবে। ১৯.৩ অনলাইনে শতভাগ ভূমি উন্নয়ন কর আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	<p>১-৪ জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার ৫ উপ-ভূমি সংস্কার কমিশনার, সিলেট বিভাগ, সিলেট। ৬-৯ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার</p>

২০. ওয়াকফ পরিদর্শকগণ কর্তৃক পরিদর্শন প্রতিবেদন প্রেরণ	২০.১ ওয়াকফ পরিদর্শকগণ পরিদর্শন প্রতিবেদন বিভাগীয় কমিশনার ও সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক বরাবর নিয়মিতভাবে প্রেরণ করবেন। ২০.২ প্রত্যেক জেলার আওতাধীন ওয়াকফ এস্টেটের তপশীলসহ সম্পত্তির পরিমাণ উল্লেখ করে একটি তালিকা সরাসরি জেলা প্রশাসকগণের নিকট দাখিল করে এ কার্যালয়ে অনুলিপি প্রেরণ করতে হবে।	১ ওয়াকফ পরিদর্শক, সিলেট ও সুনামগঞ্জ। ২ ওয়াকফ পরিদর্শক, মৌলভীবাজার ও হবিগঞ্জ।
২১. বিবিধ: অতিরিক্ত বিভাগীয় কমিশনার(রাজস্ব) জানান যে, সিলেট বিভাগে রাজস্ব-এর অধীন বেশ কয়েকটি পদ শূন্য রয়েছে। শূন্য পদ পূরণের বিষয় সভায় আলোচিত হয়।	২১.১ রাজস্ব-এর অধীন শূন্য পদ পূরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১-৪ জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/ হবিগঞ্জ/মৌলভীবাজার

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।




ড. মুহাম্মদ মোশাররফ হোসেন
বিভাগীয় কমিশনার, সিলেট

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৬.০৬.০০১.২২.৬০০

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪২৯
২৭ নভেম্বর ২০২২

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

- ১) সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১/১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৩) প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৪) জাতীয় প্রকল্প পরিচালক, ভূমি মন্ত্রণালয়, ৩/১, নীলক্ষেত, বাবুপুরা, ঢাকা-১২০৫।
- ৫) পরিচালক, পরিবার পরিকল্পনা, বিভাগীয় কার্যালয়, সিলেট।
- ৬) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।
- ৭) উপ-ভূমি সংস্কার কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
- ৮) জোনাল সেটেলমেন্ট অফিসার, জোনাল সেটেলমেন্ট অফিস, সিলেট।
- ৯) পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, সিলেট।
- ১০) বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট।
- ১১) উপপরিচালক, বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা, সিলেট।
- ১২) সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), সিলেট।
- ১৩) ওয়াকফ পরিদর্শক, সিলেট।
- ১৪) ওয়াকফ পরিদর্শক, মৌলভীবাজার।
- ১৫) সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি সেল, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট (কার্যবিবরণীটি এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।



জাকারিয়া

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব)